

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াহিদুল হোসেন মানিক মিয়া

লালমোহনে জেএসসি ও জেডিসি পরীক্ষায় বহিষ্কার চার

 ০২ নভেম্বর, ২০১৮ ইং ০০:০০ মিঃ

লালমোহন (ভোলা) সংবাদদাতা

লালমোহনে বৃহস্পতিবারে অনুষ্ঠিত জেএসসি'র বাংলা প্রথম পত্র ও জেডিসির কোরআন মাজীদ'র প্রথম দিনের পরীক্ষায় অনুপস্থিত রয়েছে ২৭৫ জন পরীক্ষার্থী। এছাড়া পরীক্ষায় অসুদপায় অবলম্বনের দায়ে উপজেলার গজারিয়া মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্র থেকে তিনজন ও বালিকা মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্র থেকে একজনকে বহিষ্কার করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা হাবিবুল হাসান রুমি।

উপজেলায় এ বছর আটটি কেন্দ্রে মোট ৫ হাজার ৪শ ২ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করার কথা ছিলো। তবে বিভিন্ন কারণে ২৭৫ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করতে পারেনি।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত